

ঢাকা সিভিল সার্জন অফিসে দুর্নীতি বন্ধে দুদকের অভিযান

(অভিযানের তারিখ: ১৮ জুলাই, ২০১৮ খ্রি:)



ঢাকা সিভিল সার্জন অফিসে স্বাস্থ্যগত সনদ দেয়ার সময় বাধ্যতামূলকভাবে ঘুষ আদান-প্রদানের ঘটনা উদ্ঘাটন করেছে দুর্নীতি দমন কমিশন। ভুক্তভোগী চাকুরি প্রার্থীরা এ সম্পর্কে দুদক কল সেন্টারে (১০৬) অভিযোগ জানালে আজ (১৮/০৭/২০১৮ ইং) তাৎক্ষণিকভাবে দুদক সহকারী পরিচালক মোঃ জাকারিয়া ও উপ-সহকারী পরিচালক মোঃ সাইদুজ্জামানের সমন্বয়ে পুলিশসহ ছয় সদস্যের একটি টিম আজিমপুরস্থ ঢাকা সিভিল সার্জন কার্যালয়ে আকস্মিক অভিযান চালায়। দুদক টিমের জিজ্ঞাসাবাদে উক্ত অফিসের কর্মচারীরা স্বীকার করেন যে, তারা জন প্রতি ন্যূনতম ৩০০ হতে সর্বোচ্চ ১০০০ টাকা পর্যন্ত অর্থ অবৈধভাবে আদায় করে। প্রায় তিন ঘন্টার এ অভিযানে কিভাবে ভুক্তভোগীরা হয়রানির শিকার হয়, কিভাবে তাদের নিকট হতে অর্থ আদায় করা হয়, কিভাবে উক্ত অর্থ বিলি বন্টন হয় তা উদ্ঘাটন করে দুদক কর্মকর্তারা। এ সময় দুদকের পক্ষ থেকে উপস্থিত চাকুরি প্রার্থীদের কাছে দুর্নীতিবিরোধী লিফলেট ও দুদক হটলাইন (১০৬) এর স্টিকার বিতরণ করা হয়।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনির চৌধুরী জানান, “দীর্ঘ দিন যাবৎ এ দুর্নীতি চলছে। গৃহীত জবানবন্দী ও তথ্য-প্রমাণের ভিত্তিতে শীঘ্রই দুদক দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। তবে আজকের অভিযানের পর ঘুষ-দুর্নীতির প্রবণতা সশ্রুপূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে, হাতে নাতে গ্রেফতারের জন্য ট্র্যাপ টিম সার্বক্ষণিক নজরদারী করছে।”